

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।

স্মারক নং : ০৫.৪৭.৭৩৩৬.০০০.০৪.০০৮.১৯- ১১১

তারিখঃ ১১-০৯-২০১৯

বিষয় : “দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান” কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে ভাতা ভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-৩২.০১.০০০০.০১২.০১৮.২৯.১৬-৪৫৯ তারিখঃ ৬-৮-২০১৯ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান” কর্মসূচীর আওতায় ২০১৬-১৭ অর্থবছরে নির্বাচিত ৭৯ জন ভাতাভোগীর ভাতা প্রদানের মেয়াদ শেষ হওয়ায় ২০১৯-২০২০ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ৭৯ (উনআশি) জন করে ভাতা ভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গিয়েছে। গত ৫-৯-২০১৯ ইং তারিখের উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক “দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান” কর্মসূচীর বাস্তবায়ন নীতিমালার ৬.১ মোতাবেক স্থানীয়ভাবে মাইকিং করে নির্দিষ্ট তারিখে সম্ভাব্য ভাতা প্রার্থীদের (জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, গর্ভ সনদ ও ২ কপি পাসপোর্ট সাইজ ছবি সহ) ইউনিয়ন কমিটির উপস্থিতিতে বাছাই কাজ সম্পন্ন করতে হবে।

বিধায় নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে মাইকিং করে সম্ভাব্য উপকারভোগীদের ইউনিয়ন পরিষদ চত্বরে উপস্থিত হওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	স্থান	তারিখ	সময়	মন্তব্য
১	গোলমুন্ডা	ইউনিয়ন পরিষদ	০৩-১০-১৯	সকাল ১০.০০	
২	ডাউয়াবাড়ী	ইউনিয়ন পরিষদ	২৯-০৯-১৯	সকাল ১০.০০	
৩	বালাগ্রাম	ইউনিয়ন পরিষদ	১৪-১০-১৯	সকাল ১০.০০	
৪	গোলনা	ইউনিয়ন পরিষদ	১০-১০-১৯	সকাল ১০.০০	
৫	ধর্মপাল	ইউনিয়ন পরিষদ	০১-১০-১৯	সকাল ১০.০০	
৬	শিমুলবাড়ী	ইউনিয়ন পরিষদ	১৫-১০-১৯	সকাল ১০.০০	
৭	কাঁঠালী	ইউনিয়ন পরিষদ	০২-১০-১৯	সকাল ১০.০০	
৮	মীরগঞ্জ	ইউনিয়ন পরিষদ	২৬-০৯-১৯	সকাল ১০.০০	
৯	খুটামারা	ইউনিয়ন পরিষদ	১৭-১০-১৯	সকাল ১০.০০	
১০	শৌলমারী	ইউনিয়ন পরিষদ	২৩-০৯-১৯	সকাল ১০.০০	
১১	কৈমারী	ইউনিয়ন পরিষদ	৩০-০৯-১৯	সকাল ১০.০০	

প্রাপক : চেয়ারম্যান -----ইউপি।
জলঢাকা, নীলফামারী।

মোঃ সুজাউদ্দৌলা

উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ৩। ভাইস চেয়ারম্যান (পুরুষ / মহিলা) উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ৪। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নীলফামারী।
- ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী।
- ৬। অফিস নথি।